



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৮২৫/২৪

তারিখ: ৩০-১০-২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের বৃত্তিতথ্য MIS Software-এ এন্ট্রিকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিস্কেতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ও মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য MIS Software-এ আপাতী ২০ নভেম্বর, ২০২৩ তারিখের মধ্যে তথ্য এন্ট্রি/সংশোধনের জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান/পায়িতপ্রাপ্ত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


উল্লেখ্য, বৃত্তিপ্রাপ্ত যে সকল শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি করা হয়নি তাদের তথ্যও MIS Software-এ এন্ট্রি করতে হবে।

MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয়:

- ০১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে/১৮ বছরের কম শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/খুল ব্যাংক হিসাব খুলতে হবে;
- ০২। যৌথ নামে ব্যাংক হিসাব/খুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ শিক্ষার্থীর এন্ট্রিকৃত হিসাবধারীর নামের স্থলে প্রথমে শিক্ষার্থীর নাম, তারপর and এবং তারপর দ্বিতীয় হিসাবধারীর নাম ইংরেজিতে এন্ট্রি করতে হবে;
- ০৩। বৃত্তির পেজেন্টে শিক্ষার্থীর নামের বানান, MIS সফটওয়্যার-এ শিক্ষার্থীর নামের বানান এবং হিসাবধারীর নামের বানান অভিন্ন হবে। বৃত্তির পেজেন্টে নামের বানানে হাইফেন (-) থাকলে MIS সফটওয়্যার-এ শিক্ষার্থীর নামের বানানে হাইফেন দিতে হবে। কিছু হিসাবধারীর নামের স্থলে শিক্ষার্থীর নামের বানানে হাইফেনের স্থলে Single Space দিতে হবে;
- ০৪। শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
- ০৫। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
- ০৬। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১০-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
- ০৭। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে;
- ০৮। বৃত্তির ক্যাটাগরি (যেখা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
- ০৯। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
- ১০। ব্যাংক হিসাবটি বর্তমানে অবশ্যই সচল (Active) থাকতে হবে;
- ১১। বিকাশ, শিউর ক্যান, নগদসহ এ ধরনের কোন এক্সেপ্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না;
- ১২। একটি পরীক্ষার বিপরীতে একজন শিক্ষার্থীর একাধিক এন্ট্রি (Multiple Entry) করা যাবে না। Multiple Entry থাকলে সঠিক এন্ট্রি রেখে অবশিষ্ট এন্ট্রি নিক্রিয় (Deactivate) করতে হবে;
- ১৩। শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য অবশ্যই দুই জন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে (অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৮২৫/২০, তারিখ: ০২/০৩/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়, কপি সংযুক্ত);
- ১৪। তথ্য শ্রেণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/পায়িতপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
- ১৫। তথ্য এন্ট্রি শেষের সময়সীমা: ২০ নভেম্বর, ২০২৩ পর্যন্ত।

তথ্য পূরণ/সংশোধন এর জন্য লিংক নিম্নরূপ:

- DSHE Scholarship MIS এর URL (লিংক) : scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login


30.10.23

(কামরুন নাহার)
সহকারি পরিচালক (একিউএইউ)
এলেন এড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং
ফোন : ৯৫৮০০১৭





মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী


www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : বৃত্তি/সিলে/৩য় খন্ড/৮১০

তারিখ : ০৭/১২/২০২৩

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের বৃত্তির তথ্য MIS সফটওয়্যার-এ এন্ট্রিকরণ উপরিলিখিত বিজ্ঞপ্তি যার স্মারক নম্বর- ৩৭.০২.০০০০. ১১৭.৯৯.০০১.২০-১৮২৫/২৪ তারিখ- ৩০/১০/২০২৩ খ্রিস্টাব্দ পত্রটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং প্রধান শিক্ষকদের অবগতি ও কার্যার্থে অত্র বোর্ডের ওয়েব সাইটে প্রচার করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে


০৭/১২/২০২৩
এস.এম. গোলাম আজম

প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
azamraj8486@gmail.com, ফোন- ০২৫৮৮৮৬০৩১১


০৭/১২/২০২৩